



## Department of Health

ANDREW M. CUOMO  
Governor

HOWARD A. ZUCKER, M.D., J.D.  
Commissioner

LISA J. PINO, M.A., J.D.  
Executive Deputy Commissioner

### COVID-19 টিকা গ্রহণের নির্দেশাবলী নিউ ইয়র্ক স্টেট ভ্যাকসিনেশন প্রোগ্রাম পর্যায় 1A

শীঘ্রই নিউ ইয়র্ক স্টেটে COVID-19 এর টিকা পাওয়ার জন্য আপনার পালা আসতে পারে!

বর্তমানে COVID-19 এর দুটি টিকা রয়েছে এবং ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (FDA) এবং নিউ ইয়র্ক স্টেট মেডিকেল এবং বৈজ্ঞানিক বিশেষজ্ঞদের দ্বারা গঠিত একটি বিশেষ কার্যনির্বাহী দল দ্বারা উভয় টিকা নিরাপদ এবং কার্যকর বলে বিবেচনা করা হয়েছে।

এই টিকাগুলোও আপনি বিনামূল্যে পাবেন।

পুরোপুরি টিকা দেওয়ার জন্য আপনার একই টিকার দুই ডোজের প্রয়োজন হবে।

আপনার পালা কখন আসবে তা জানার একটি সহজ উপায় এখানে তুলে ধরা হয়েছে: আপনি কোনো টিকা পাওয়ার উপযুক্ত কিনা তা দেখার জন্য এই ওয়েবসাইট লিংকটি অনুসরণ করুন। আরো জানতে অনুগ্রহ করে <https://am-i-eligible.covid19vaccine.health.ny.gov/> ওয়েবসাইটে যান।

ওয়েব পেজটি আপনার নাম, আপনি কোথায় বাস করেন এবং আপনি জীবিকার জন্য কি করেন এরকম তথ্য জানতে চাইবে। আপনি যদি বর্তমানে টিকাদানের উপযুক্ত কোনো অগ্রাধিকার গ্রুপে থাকেন, তাহলে এই ওয়েবসাইট আপনাকে নিকটবর্তী স্বাস্থ্য সেবা প্রদানকারীদের অবস্থান দেখাবে যারা আপনাকে এই টিকা দিতে পারে। শুধু আপনার পছন্দের একজনকে বেছে নিন এবং সাক্ষাৎকারের সময়সূচি নির্ধারণ করুন।

যদি এখনো আপনার পালা না আসে, তাহলে সঠিক সময় জানতে যেকোনো সময় আপনি আবার এসে দেখতে পারেন।

এই প্রক্রিয়া সম্পর্কে অন্য কোনো প্রশ্ন অথবা টিকা সম্পর্কে আপনার যদি কোনো সাধারণ প্রশ্ন, তাহলে অনুগ্রহ করে <https://covid19vaccine.health.ny.gov/frequently-asked-questions> ওয়েবসাইটে যান অথবা আরো জানতে দেখুন <https://covid19vaccine.health.ny.gov/what-you-need-know>।

কোনো টিকাই 100% কার্যকর নয়। আপনি এই টিকা পাওয়ার জন্য এবং এমনকি আবশ্যিক উভয় ডোজ পাওয়ার কয়েক সপ্তাহ **পরেও** যখন অপেক্ষা করছেন, আপনাকে অবশ্যই নিচের কাজগুলো করা চালিয়ে যাওয়া নিশ্চিত করতে হবে:

- মাস্ক পরা
- অন্যদের থেকে সামাজিক দূরত্ব (অন্তত 6 ফুট ব্যবধানে) মেনে চলা
- হাত পরিষ্কার রাখার যথাযথ স্বাস্থ্যবিধি অনুশীলন করা